

সংখ্যাঃ ২৭.০০.০০০০.০৪১.৩১.০১৬.১২-১০১১

তারিখঃ ২৫ আশ্বিন ১৪২৯  
১০ অক্টোবর ২০২২

### প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের গত ১২ জুন ২০২২ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১.২৫১১.২০২২-১২৬ নম্বর স্মারকের সুপারিশের পরিপ্রেক্ষিতে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের রাজস্ব খাতভুক্ত 'প্রোগ্রামার' পদে ৬ষ্ঠ গ্রেডে নিয়মিত প্রার্থীকে তাঁর নামের পার্শ্বে উল্লিখিত বেতন স্কেলে নিম্নোক্ত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

নাম ও পিতা/মাতার নাম	রেজিঃ নং	স্থায়ী ঠিকানা/বর্তমান ঠিকানা	বেতনক্রম
মোঃ সোহেল রানা পিতা: মোঃ গিয়াস উদ্দিন মাতা: মোসাঃ ছায়েরা বেগম	০০০০৩৫	স্থায়ী ঠিকানা: গ্রাম: বনগাঁ, ডাকঘর-চন্দন কোঠা-৬২৩০, থানা- তানোর, জেলা- রাজশাহী। বর্তমান ঠিকানা: গ্রাম: বনগাঁ, ডাকঘর-চন্দন কোঠা-৬২৩০, থানা- তানোর, জেলা- রাজশাহী।	৩৫,৫০০-৬৭,০১০/- (জাতীয় বেতনস্কেল- ২০১৫ অনুযায়ী)

### শর্তাবলী

- ০১। যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;
- ০২। অস্থায়ী ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত 'প্রোগ্রামার' পদে ০২ (দুই) বছরকাল শিক্ষানবিশ হিসেবে কাজ করবেন;
- ০৩। শিক্ষানবিস থাকাকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে শিক্ষানবিস-এর মেয়াদ এক বা একাধিক বারে সর্বসাকুল্যে আরো ০২ (দুই) বছর বৃদ্ধি করতে পারবে;
- ০৪। শিক্ষানবিসের মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁর চাকুরী স্থায়ী করা হবে;
- ০৫। শিক্ষানবিস কালে কোন যুক্তিসঙ্গত বা আইনসঙ্গত কারণে কোন প্রকার ক্ষতিপূরণ প্রদান ব্যতীত কর্তৃপক্ষ যে কোন সময় চাকুরিচ্যুত করতে পারবে;
- ০৬। যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;
- ০৭। সরকার/নিয়োগকারী কর্তৃপক্ষ যে রূপ পেশাগত প্রশিক্ষণ নির্ধারণ করবে তাঁকে সে রূপ পেশাগত/বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
- ০৮। আবেদনপত্রে প্রদানকৃত নিজ জেলা সম্পর্কিত তথ্য বা অন্য কোন তথ্য মিথ্যা প্রদান করা হয়েছে মর্মে প্রতীয়মান হলে এ নিয়োগ বাতিল করা হবে;
- ০৯। দাখিলকৃত কোন একটি বা সকল সনদ ভুয়া/জাল বা জালিয়াতি সৃষ্ট মর্মে প্রতীয়মান হলে এ নিয়োগ বাতিল করা হবে;
- ১০। তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহ করার অঙ্গিকারাবদ্ধ হয়ে থাকলে তাঁর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;
- ১১। নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- ১২। চাকুরিতে যোগদানের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

উল্লিখিত শর্তে সম্মত হলে আগামী ১৬ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগে 'প্রোগ্রামার' এর শূন্য পদে যোগদান করার নির্দেশ প্রদান করা হলো। উক্ত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-


তারিখ: ১০/১০/২০২২

(মোঃ হাবিবুর রহমান)

সচিব

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, উনি-৪ শাখা)।
- ০২। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বাস্তব:-১ শাখা)।
- ০৩। সচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
- ০৪। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, ঢাকা।
- ০৫। উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, ঢাকা।
- ০৭। প্রধান হিসাব ও অর্থ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
- ০৯। জনাব মোঃ সোহেল রানা, বনগাঁ, চন্দন কোঠা, তানোর, রাজশাহী।
- ১০। ব্যক্তিগত নথি/চাকুরী নথি।

  
(রেহেনা আকতার)  
উপসচিব  
ফোন: ৯৫১৩৩৬৪